

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ

জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর ১ম সভার কার্যবিবরণী

সভাপতি: রাম চন্দ্র দাস
চেয়ারম্যান
সভার তারিখ: ২৪-১২-২০১৯
সভার সময়: বেলা ৩:০০ টা
স্থান: সম্মেলন কক্ষ, বাপক প্রধান কার্যালয়
উপস্থিতি: সংযুক্তি “ক”

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর বিদ্যমান কমিটি'র ১ম সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর তিনি বাপক কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা (২০১৮-২০১৯) ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর নির্ধারিত বিষয়সমূহে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিষয়ে বিভাগওয়ায়ী পর্যালোচনা করেন। এ পর্যায়ে পরিচালক (প্রশাসন), পরিচালক (পরিকল্পনা), মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (বিউজ), ভারপ্রাপ্ত অধ্যক্ষ (এনএইচটিআই), ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (বাণিজ্যিক), ব্যবস্থাপক (বিউজ) সহ উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাঁদের নিজ নিজ বিভাগের বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে সভাকে অবহিত করেন।

১.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর ১ম কোয়ার্টারে ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে পরবর্তী কোয়ার্টারগুলোতে এ ধারা অব্যাহত রাখার জন্য সচেতন থাকতে অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী বিভাগ
১	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর ২য় কোয়ার্টারের প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রশাসন বিভাগ
২	নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হতে হবে। এ লক্ষ্যে ২য় কোয়ার্টারের সভা জানুয়ারি ২০২০-এর ২য় সপ্তাহে সম্পন্ন করতে হবে।	প্রশাসন বিভাগ
৩	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ওয়েবসাইটে নিয়মিত শুদ্ধাচার সেবা বন্ধ হালনাগাদ করতে হবে। সংস্থা এবং দেশের স্বার্থের সাথে সাংঘর্ষিক নয়- এমন তথ্য প্রচারে সতর্ক এবং সচেতন হতে হবে।	আইসিটি বিভাগ
৪	অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভার একটি সভার আয়োজন করতে হবে।	জনসংযোগ বিভাগ
৫	ভিডিও/অনলাইন/টেলিকনফারেন্স আয়োজন (স্কাইপে/মেসেঞ্জার/ভাইবার ব্যবহার) সংক্রান্তে পরবর্তী মাসিক সমন্বয় সভা চলাকালে কোন বাণিজ্যিক ইউনিটের সাথে ভিডিও কনফারেন্স করে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	আইসিটি বিভাগ
৬	বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক আগামী জানুয়ারি ২০২০ মাসে সুবিধাজনক সময়ে পর্যটন সেবা সপ্তাহ চালু করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাণিজ্যিক বিভাগ
৭	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর বাণিজ্যিক ইউনিটসমূহে আগত সকল অতিথিকে স্থানীয়ভাবে সহজলভ্য এবং সাশ্রয়ী 'ওয়েলকাম ড্রিংকস' সরবরাহ করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাণিজ্যিক বিভাগ
৮	'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং যোগ্য কর্মী বাছাইয়ের নিমিত্ত নিম্নলিখিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:	প্রশাসন বিভাগ অফিস আদেশ জারি করবে

	পরিচালক (বাণিজ্যিক)----- সভাপতি মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)----- সদস্য মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)----- সদস্য মহাব্যবস্থাপক (পরিকল্পনা)----- সদস্য ব্যবস্থাপক (প্রশাসন)----- সদস্য সচিব বর্ণিত কমিটি আগামী ১৫ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে সভা আহ্বানপূর্বক ১ম কোয়ার্টারের ২টি পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।	সংশ্লিষ্ট কমিটি শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ করবে
৯	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর সেবা সহজীকরণের নিমিত্ত গঠিত কমিটির কার্যক্রম দৃশ্যমান করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি
১০	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর প্রধান কার্যালয়ের এবং বাণিজ্যিক ইউনিটসমূহের কর্মচারীবৃন্দের অফিস চলাকালীন 'দাপ্তরিক পোশাক' পরিধানের বিষয়টি জোরদার করতে হবে।	প্রধান কার্যালয়ের ক্ষেত্রে প্রশাসন বিভাগ এবং বাণিজ্যিক ইউনিটসমূহের ক্ষেত্রে বাণিজ্যিক বিভাগ দপ্তরাদেশ জারি করবে
১১	বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন এবং বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাকিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক পরবর্তী বাণিজ্যিক সম্মেলনে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাণিজ্যিক বিভাগ

স্বাক্ষরিত: /
রাম চন্দ্র দাস
চেয়ারম্যান

১৮ পৌষ ১৪২৬

তারিখ: -----

০২ জানুয়ারি ২০২০

নথি নং: ০০.০৩২.০১৮.২০.০১.১৭৩.২০১৩(৬)/১৬৩২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক, পরিচালক (প্রশাসন)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) পরিচালক, পরিচালক (পরিকল্পনা)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) পরিচালক, পরিচালক (বাণিজ্যিক)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (ডিএফও)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বিউজ)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা)-এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, মহাখালী, ঢাকা

১১) বিভাগীয় প্রধান (সকল), বাপক, ঢাকা।

[Signature]
০২/০১/২০২০

০২/০১/২০২০
রমেন্দ্র নাথ মন্ডল
উপব্যবস্থাপক